



ধান ক্ষেতে গরম বাতাস প্রবাহের সময় এবং চিটা দেখা দিলে করণীয়



বোরো ধানে
হিটশক (তাপজনিত
ক্ষতি) বা গরম বাতাস প্রবাহ
হলে ধান চিটা হতে পারে।
তাই জমিতে ৫-৭ সেন্টিমিটার
বা ২-৩ ইঞ্চি পানি
কাইচথোর হতে ফুল
ফোঁটা পর্যায় পর্যন্ত
ধরে রাখুন।

ধানের ফুল অবস্থায় স্প্রে করার প্রয়োজন হলে অবশ্যই পড়ন্ত
বিকেলে বালাইনাশক স্প্রে করুন। সাধারণত সকাল ৭-১১ টা পর্যন্ত ধানের
পরাগায়ণ ঘটে। এ অবস্থায় স্প্রে করলে পরাগায়নের সমস্যা হয় এবং ধান চিটা
হওয়ার সম্ভাবনা থাকে। অপরিকল্পিতভাবে বালাইনাশক স্প্রে করা যাবে না।

ধান চিটা হতে দেখা গেলে করণীয়

১. জমিতে সর্বদা পানি ধরে রাখুন।
(সবচেয়ে গুরুত্বপূর্ণ জমিতে পানি ধরে রেখে তাপমাত্রা কমিয়ে আনার ব্যবস্থা করা)।
২. এমওপি সার ১০ লিটার পানিতে ১০০ গ্রাম মিশিয়ে ৫ শতাংশ হিসেবে স্প্রে করুন
অথবা বিঘা প্রতি ৫ কেজি দানাদার এমওপি (পটাশ) সার উপরি প্রয়োগ করুন।

বিস্তারিত তথ্যের জন্য উপজেলা কৃষি অফিস বা উপসহকারী কৃষি কর্মকর্তার পরামর্শ নিন
অথবা সরকারি কৃষি কলসেন্টার ১৬১২৩ নাম্বারে ফোন করুন। কৃষি বিষয়ক আরোও
তথ্যের জন্য www.dae.gov.bd, www.brrri.gov.bd, www.ais.gov.bd
সহ অন্যান্য কৃষি বিভাগের ওয়েবসাইট ব্যবহার করুন।



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা

www.dae.pabna.gov.bd

